



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২০ আগস্ট, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২০ আগস্ট, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভাকক্ষে বিকাল ৩ টায় সাস্ট রিসার্চ সেন্টারে পূবালী ব্যাংক লিমিটেড কর্তৃক বাৎসরিক ১৫ লক্ষ টাকা গবেষণা অনুদান প্রদানের চেক হস্তান্তর অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিক্ষা ও গবেষণায় পূবালী ব্যাংকের সাথে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পথচলা দীর্ঘদিনের। এ অটুট সম্পর্ক আগামী দিনগুলোতে আরো অটুট ও সুদৃঢ় হবে।

সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. মো জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিন্ডিপাল অফিস সিলেটের মহাব্যবস্থাপক জনাব এরশাদুল হক।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড.এস এম সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, লাইফ সাইন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, সাস্ট রিসার্চ সেন্টারের সদস্য প্রফেসর ড. মো. নজরুল ইসলাম, প্রফেসর ড. এ জেড মনজুর রশিদ, প্রফেসর ড. মো. মিজানুর রহমান ও পূবালী ব্যাংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ০৮ জুলাই, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৮ জুলাই, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ৯.৩০ টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এশিওরেন্স(আইকিউএসি) সেল কর্তৃক আয়োজিত দিনব্যাপী “ওয়ার্কশপ অন গুড গভর্নেন্স : অফিসিয়াল এন্ড ফিন্যান্সিয়াল মেনেজমেন্ট” শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আয়োজনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, $w e k ^ { \wedge } w e ^ { \textbackslash } \textit{v j } q$ কর্মরত সকলের কর্মদক্ষতা বৃদ্ধিতে $w e k ^ { \wedge } w e ^ { \textbackslash } \textit{v j } q$ প্রশাসন সদা $Z r c i \textit{t e k } ^ { \wedge } w K$ চ্যালেঞ্জ মোকাবেলায় $w e k ^ { \wedge } w e ^ { \textbackslash } \textit{v j } q i$ জনসম্পদকে তৈরি করার লক্ষ্যে এবং $w e k ^ { \wedge } w e ^ { \textbackslash } \textit{v j } q i$ বিশাল উন্নয়ন প্রকল্পের কাজ সুচারু ভাবে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। অল্প কিছু দিনের মধ্যে অনেকগুলো প্রকল্পের কাজ শুরু হবে এবং এক হাজার কোটি টাকার প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আশরাফুল ইসলামের সভাপতিত্বে এবং প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন $w e k ^ { \wedge } w e ^ { \textbackslash } \textit{v j } q i$ কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক জনাব আ.ন.ম জয়নাল আবেদিন, হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব শেখ আবুল হাসান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার